REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 26-06-2017
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

১) ওয়াশিংটনে হোয়াইট হাউসে আজ রাতে মার্কিন রাষ্ট্রপতির সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বৈঠক।

২) রাজ্যে শান্তি-সম্প্রীতি বজায় রাখতে CPIM-এর আহবান।

৩) সমাজ কল্যাণ মন্ত্রী বিজিতা নাথের পদত্যাগ দাবী করলো কংগ্রেস।

৪) উৎসাহ উদ্দীপনায় রাজ্যেও ঈদ-উল-ফিতর উদযাপিত।

****

মোদী ও ট্রাম্প বৈঠক :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের প্রথম বৈঠক আজ রাতে ওয়াশিংটনের হোয়াইট হাউসে অনুষ্ঠিত হবে। দুই শীর্ষনেতার এই বৈঠকে চলতি দ্বি-পাক্ষিক সহযোগিতা, সন্ত্রাসবাদ প্রতিরোধ, প্রতিরক্ষা অংশিদারিত্ব, ব্যবসা-বানিজ্য নিয়ে আলোচনার সম্ভাবনা রয়েছে। মার্কিন রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সম্মানে নৈশভোজের আয়োজন করেছেন।। এর

আগে মার্কিন স্বরাষ্ট্রসচিব রেক্স টিলারসন এবং প্রতিরক্ষা সচিব জিম মাট্রিস প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করবেন।

****

প্রধানমন্ত্রী আমেরিকা :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওয়াশিংটনে আমেরিকার ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির মুখ্য কার্যনির্বাহীদের সাথে বৈঠক করেছেন। বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, দু'দেশের অংশীদারিত্ব শক্তিশালী করতে আমেরিকান কোম্পানিগুলির সুযোগ রয়েছে। শ্রী মোদী ভারতে সরকারের গৃহিত সংস্কারের বিভিন্ন ব্যবস্থা সম্পর্কে বৈঠকে আলোকপাত করেন।

****

প্রধানমন্ত্রী :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও আমেরিকা একসাথে কাজ করলে সমগ্র বিশ্ব উপকৃত হবে। ওয়াল স্ট্রিট জার্নালে স্বনাম প্রকাশিত এক নিবন্ধে শ্রী মোদী একথা বলেন। তিনি বলেছেন, দু'দেশের যৌথ উদ্যোগের মাধ্যমে রোটা ভাইরাস বা ডেঙ্গু টীকা খোঁজে পাওয়া গেছে। এছাড়া শিক্ষা মহাকাশ গবেষণা, মানবিক সহযোগিতার ক্ষেত্রে দু'দেশের উদ্যোগের কথা তিনি উল্লেখ করেন।

****

সি পি আই এম :

রাজ্যে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়েছেন সি.পি.আই.এম রাজ্য সম্পাদক বিজন ধর। আজ আগরতলায় দলীয় রাজ্য দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে তিনি রাজ্যে শান্তিভঙ্গের জন্য বিজেপিকে দায়ী করেন। বিজেপি নেতা কর্মীরা রাজ্যের বিভিন্ন এলাকায় প্ররোচনা সৃষ্টির চেষ্টা করছে বলে তিনি অভিযোগ করেন। রাজ্যে উপদ্রুত আইন জারীর দাবির বিরোধীতা করেছেন শ্রীধর। এই ধরনের দাবী অগনতান্ত্রিক বলে তিনি মন্তব্য করেন। মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ সি পি আই এমের বিরুদ্ধে কুৎসা ছড়ানো হচ্ছে বলে তিনি অভিযোগ করেন। সি.বি.আই তদন্তের ইসুতে সমাজ কল্যাণ মন্ত্রী বিজিতা নাথের পদত্যাগের দাবী তিনি খারিজ করে দিয়েছেন। সি বি আইয়ের সাথে সহযোগিতা করা হবে বলে তিনি জানিয়েছেন। আমানতকারীদের অর্থ ফেরত দেওয়ার জন্য তিনি দাবী জানান। সাংবাদিক সম্মেলনে সি পি আই এম কেন্দ্রীয় কমিটির সদস্য গৌতম দাস উপস্থিত ছিলেন।

****

কংগ্রেস :

রোজভ্যালী চিটফান্ড মামলায় সি বি আই জিজ্ঞাসাবাদের জন্য নোটিশ দেওয়ায় সমাজ কল্যাণ মন্ত্রী বিজিতা নাথের পদত্যাগ দাবী করেছে কংগ্রেস। আজ এক সাংবাদিক সম্মেলনে বিধায়ক গোপাল চন্দ্র রায় এই দাবী জানিয়েছেন। রাজ্যের আরো কয়েকজন সি পি আই এম নেতা চিটফান্ডের সাথে জড়িত বলে তিনি অভিযোগ করেন। তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়ার জন্য তিনি দাবী জানিয়েছেন।

****

বিজেপি :

রাজ্যের বিভিন্ন স্থানে খুন সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে বিজেপি-র উদ্যোগে আজ আগরতলায় বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। দলের পক্ষ থেকে এই সমস্ত ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানানো হয়।

****

রামকৃষ্ণ মিশন :

রামকৃষ্ণ মিশনের উদ্যোগে আজ সকালে বিবেকনগর রামকৃষ্ণ মিশন স্কুলে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী মানিক সরকার তরুণদের রক্তদানের মতো মহৎ কাজে এগিয়ে আসার আহবান জানান। তিনি বলেন রক্তের কোনও জাত হয় না ধর্ম হয় না। রক্তদানের মধ্য দিয়ে মানবতাবাদ প্রতির্ষ্ঠিত হয়। তিনি রামকৃষ্ণ মিশনের এই উদ্যোগের প্রশংসা করেন। রক্তদান শিবিরে অন্যান্যদের মধ্যে ছিলেন আগরতলার মেয়র ড: প্রফুল্লজিৎ সিনহা, রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী হিতকামানন্দ মহারাজ। স্কুলের ছাত্র শিক্ষক অশিক্ষক কর্মীরা রক্তদান করেন।

****

বিলোনীয়া :

বিলোনীয়া শহরে ফের কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে ব্যাপক পুলিশী নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। গত শনি ও

রবিবার দুটি রাজনৈতিক দলের মধ্যে সংঘর্ষে বেশ কয়েকজন আহত হয়। গতকাল ১৪৪ ধারা জারি করা হয় এবং তা এখনো বলবৎ রয়েছে। নিরাপত্তা রক্ষায় আধাসামরিক বাহিনী ও পুলিশের টহল চলছে।

****

মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক :

নতুন জাতীয় শিক্ষানীতি পর্যালোচনার জন্য কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক নয় সদস্যক কমিটি গঠন করেছেন। মহাকাশ বিজ্ঞানী কে. কুস্তুরীরঙ্গম এই কমিটির প্রধান হয়েছেন। এছাড়া কমিটিতে রয়েছেন প্রাক্তন আই.এ.এস. কে জে আলফোনসে কানামথানাম, উপাচার্য রামশঙ্কর কুরেল প্রমুখ।

****

আইনজীবী সম্মেলন :

সারা ভারত আইনজীবী ইউনিয়নের খোয়াই বিভাগের পঞ্চম ত্রিবার্ষিক সম্মেলন ও আইনি বিষয়ে সেমিনার আজ অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন বিধায়ক পদ্ম কুমার দেববর্মা। সম্মেলনে আইনজীবী ইউনিয়নের রাজ্য কমিটির সভাপতি শরদিন্দু চক্রবর্তী, হাইকোর্টের আইনজীবী তাপস দত্ত মজুমদার উপস্থিত ছিলেন। প্রথম পর্বে সম্মেলন ও শেষ পর্বে আইনি বিষয়ে সেমিনার অনুষ্ঠিত হয়। উপস্থিত আইনজীবিরা আইনের বিভিন্ন ধারার উপর আলোচনা করেন।

****

ঈদ :

ধর্মীয় আচার অনুষ্ঠান ও উৎসাহের মধ্য দিয়ে আজ সারা দেশে ঈদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে। দিল্লীতে মূল অনুষ্ঠান হয় জামা মসজিদ, ফতেপুরি মসজিদ এবং শাহী ঈদগা। এই উপলক্ষে সারা দেশেই বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক ট্যুইট বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, এই ঈদের মধ্য দিয়ে শান্তি এবং সৌভ্রাতৃত্ব শক্তিশালী হবে।

****

ঈদ :

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্যেও আজ খুশির উৎসব 'ঈদ-উল-ফিতর' উদযাপিত হয়। এর মধ্য দিয়েই শেষ হয়েছে একমাস ব্যাপী রোজা। ঈদ উপলক্ষ্যে আজ রাজ্যের বিভিন্ন মসজিদে ঈদের বিশেষ নামাজ আদায় হয়। রাজ্যের কেন্দ্রীয় জমায়েতটি হয় আগরতলার গেদু মিঞা মসজিদ প্রাঙ্গনে। এখানে রাজ্যের ও বহিরাজ্যের বহু ধর্মপ্রাণ মুসলমান নামাজ আদায় করেন। নামাজ পাঠ করান আগরতলার টাউন জামে মসজিদের ইমাম আব্দুর রহমান। তিনি রাজ্যের ও দেশের শান্তি সৌভ্রাতৃত্ব এবং সামগ্রিক সমৃদ্ধির জন্য প্রার্থনা করেন। নামাজ শেষে সবাই শুভেচ্ছা বিনিময় করেন। অনেকে আগরতলার ভাটি অভয়নগর মসজিদ, গোলচক্কর এলাকায় নামাজ আদায় করেন। আগরতলা ছাড়াও বিশালগড়, বক্সনগর, সোনামুড়া, বিলোনীয়া,

উদয়পুর প্রভৃতি স্থানে উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ঈদ-উল-ফিতর উদযাপিত হয়েছে।

****

ঈদ কৈলাসহর :

ঊনকোটি জেলা সদর কৈলাসহরেও আজ "খুশীর উৎসব ঈদ-উল-ফিতর" উদযাপিত হয়। এই উপলক্ষ্যে বিভিন্ন ঈদগাহ ও মসজিদ প্রাঙ্গনে ঈদের নামাজ আদায় করেন ধর্মপ্রাণ ইসলাম ধর্মাবলম্বীরা।

কৈলাসহরের টিলাবাজার ঈদগাহ ময়দান, বাবুর বাজার জামিয়া ইসলামিয়া হোছাইনিয়া মাদ্রাসা প্রাঙ্গনে, কৈলাসহর বাজার জামে মসজিদে এবং কুবঝার ঈদগাহে নামাজ আদায় করা হয়।

নামাজ শেষে পারস্পরিক আলিঙ্গন প্রীতি-বিনিময় ও বিশ্ব শান্তি কামনার বিশেষ প্রার্থনা ও মোনাজাত অনুষ্ঠিত হয়। নানা স্থানে ঈদের শুভেচ্ছা স্মারক তোরণ নির্মিত হয়েছে। বিভিন্ন ঈদগাহ ও মসজিদ আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে।

****

ঈদ সোনামুড়া :

সোনামুড়া মহকুমার সোনামুড়া টাউন মসজিদ, বক্সনগর ঈদগা ময়দান, শ্রীমন্তপুর, কুলুবাড়ি ঈদগাহ ময়দানে ঈদের নামাজ অনুষ্ঠিত হয়। কুলুবাড়িতে নামাজ শেষে সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী সহিদ চৌধুরী শুভেচ্ছা বিনিময় করেন।

****

সম্মেলন :

ত্রিপুরা সরকারী গ্রুপ-ডি কর্মচারী সমিতি মান্দাই শাখা কমিটির চতুর্থ সম্মেলন গতকাল অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন মান্দাই TECC-এর অঞ্চল সম্পাদক শচীন দেববর্মণ। প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন জিরানিয়া বিভাগীয় প্রচার সম্পাদক অঞ্জন ভট্টাচার্য।

****

আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস :

আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস উপলক্ষ্যে BSF-এর পক্ষ থেকে আজ সকালে আগরতলার আখাউড়া চেকপোস্ট এলাকায় একটি সাইকেল rally-র আয়োজন করা হয়। BSF জওয়ানদের উদ্যোগে আয়োজিত এই rally-র মাধ্যমে মাদক ব্যবহারের ক্ষতিকারক দিক নিয়ে সচেতনতামূলক প্রচার করা হয়। rallyটি এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে।

****

দৃষ্টিহীন উন্নয়ন সমিতি :

ত্রিপুরা দৃষ্টিহীন উন্নয়ন সমিতির পাঁচ সদস্যক এক প্রতিনিধিদল আজ কৃষিমন্ত্রী অঘোর দেববর্মার সঙ্গে তাঁর সরকারী বাসভবনে এক ডেপুটেশনে মিলিত হন। ডেপুটশনে প্রতিবন্ধীদের স্বার্থে সংশ্লিষ্ট বিষয় আলোচনা হয় এবং ৩০টি পদ দ্রুত সংরক্ষণ মুক্ত করার দাবি জানানো হয়। প্রতিনিধিদলে ছিলেন সমিতির মুখ্য

উপদেষ্টা সঞ্জন ভট্টাচার্য্য,সহ–সম্পাদিকা প্রতিমা দেব, মিতালি দে প্রমুখ।

****

ফেন্সিডিল উদ্ধার :

আজ বিকালে BSF এবং পুলিশ যৌথ অভিযান চালিয়ে খোয়াই-র উত্তর দূর্গানগরের জনৈক রাহুল মিঞার বাড়ী থেকে প্রচুর অবৈধ নেশা জাতীয় সামগ্রী আটক করে। প্রায় সাত লক্ষ টাকার কোরেক্স, ফেন্সিডিল ও বিলিতি মদ ঐ ব্যক্তির বাড়ীর পুকুর থেকে উদ্ধার করে। অভিযুক্ত বাড়ীর মালিক পালিয়ে যায়। BSF-এর কমান্ডেন্ট মানস রঞ্জন পান্ডে এই খবর জানান।

****

পুলিশ :

আগরতলার দূর্গাচৌমুহনী এলাকায় একটি মিষ্টির দোকানের দুই কর্মচারীর মধ্যে ঝগড়াকে কেন্দ্র করে সাময়িক চাঞ্চল্য দেখা দেয়। পুলিশ জানিয়েছে দোকানের এক কর্মচারী প্রসাদ ভৌমিকের ধারালো অস্ত্রের আঘাতে অন্য এক কর্মচারী স্বপন রায় আহত হয়েছে। তাকে জিবি হাসপাতালে ভর্ত্তি করা হয়েছে। পুলিশ প্রসাদ ভৌমিককে আটক করেছে। দু'জনেরই বাড়ি পশ্চিমবঙ্গে বলে পুলিশ জানিয়েছে।

****

আবহাওয়া :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের বিভিন্নস্থানে বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস ও সর্বনিম্ন তাপমাত্রা ২৭ ডিগ্রী সেলসিয়াস।

****

অলিম্পিক :

ত্রিপুরা অলিম্পিক এসোসিয়েশনের উদ্যোগে অলিম্পিক দিবস উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের বিজয়ীদের পুরস্কৃত করা হয়েছে। আজ রাজধানীর সিটি সেন্টারে আগরতলা পুর নিগমের অডিটোরিয়ামে রাজ্যের দশজন আন্তর্জাতিক আসরে অংশ নেওয়া রাজ্যের খেলোয়াড়দের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে সংস্থার সভাপতি সাংসদ জীতেন্দ্র চৌধুরী উপস্থিত ছিলেন। পরে ক্যুইজ ও বসে আঁকো প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কৃত করা হয়েছে।

****